সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদের নির্বাচন।

নং-১৭.১০.১৯০০.০০০.৪০.০০২.১৫- ২৪৯ তারিখ ঃ ৩০ বৈশাখ ১৪২২ বঙ্গাব্দ / ১৩ মে ২০১৫ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

যেহেতু এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুসারে নির্বাচন কমিশন চতুর্থ উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে নির্বাচন অনুষ্ঠানের জন্য প্রজ্ঞাপনের মাধ্যমে নিম্নেবর্ণিত সময়সূচী জারী করেছেঃ

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়পত্র দাখিলের শেষ তারিখ | ঃ | ২১ মে ২০১৫<br>০৭ জ্যৈষ্ঠ ১৪২২ | (বৃহস্পতিবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | ঃ | ২৩ মে ২০১৫<br>০৯ জ্যৈষ্ঠ ১৪২২ | (শনিবার) |
| (গ) | রিটার্নিং অফিসারের নিকট প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | ঃ | ৩০ মে ২০১৫<br>১৬ জ্যৈষ্ঠ ১৪২২ | (শনিবার) |
| (ঘ) | ভোট গ্রহণের তারিখ | ঃ | ১৫ জুন ২০১৫<br>০১ আষাঢ় ১৪২২ | (সোমবার) |

০২। এক্ষণে, সেহেতু, আমি রাশেদুল ইসলাম, সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা ও রিটার্নিং অফিসার, লাকসাম উপজেলা পরিষদ, উক্ত বিধিমালার বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা বিজ্ঞপ্তি জারী করছি যে, লাকসাম উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আমার কার্যালয়ে(সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, কুমিল্লা) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে(উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, লাকসাম, কুমিল্লা) আগামী ২১ মে ২০১৫/০৭ জ্যৈষ্ঠ ১৪২২ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৫টা পর্যন্ত গ্রহণ করা হবে।

তারিখঃ ১৩ দিন ০৫ মাস ২০১৫ বৎসর

রাশেদুল ইসলাম
সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা
ও
রিটার্নিং অফিসার
উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের
সদস্য পদে নির্বাচন।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

লাকসাম, কুমিল্লা

প্রজ্ঞাপন

তারিখ, ২৭ নভেম্বর ২০১৩

নং ০৫.৪২.১৯৭২.০৩৩.০০.০০৭.১৩-৭৮০—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা ২০১৩ এর বিধি ৫ এর বিধান অনুসারে আমি মোহাম্মদ শফিউল আলম, উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা উপজেলার সংরক্ষিত আসনের মহিলা সদস্য নির্বাচনের জন্য ০৩ টি আসন সংখ্যা এবং সীমানা নির্ধারণপূর্বক নিম্নরূপ বিভক্ত করলাম।

| সংরক্ষিত আসনের মহিলা সদস্যের আসন সংখ্যা | পৌরসভা/ইউনিয়নের নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | ১। বাকই ইউনিয়ন<br>২। মুদাফরগঞ্জ ইউনিয়ন | |
| ০২ | ১। গোবিন্দপুর ইউনিয়ন<br>২। উত্তরদা ইউনিয়ন<br>৩। আজগরা ইউনিয়ন | |
| ০৩ | ১। লাকসাম পৌরসভা<br>২। কান্দিরপাড়<br>৩। লাকসাম পূর্ব ইউনিয়ন | |

মোহাম্মদ শফিউল আলম
উপজেলা নির্বাহী অফিসার।

# নির্বাচন কমিশন

বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০৬৫.১৪-৭৬

তারিখঃ ৩১ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ / ১৪ মে, ২০১৫ খ্রিস্টাব্দ

প্রেরক ঃ মোঃ সাজাহান খান
উপসচিব (নিঃপঃ-২)

প্রাপক ঃ সিনিয়র/ জেলা নির্বাচন অফিসার, .........................(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার

## পরিপত্র -১

বিষয় ঃ ৪র্থ উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য নির্বাচন উপলক্ষ্যে মনোনয়নপত্র দাখিল, বাছাই, প্রার্থিতা প্রত্যাহার, জামানত, প্রস্তাবক ও সমর্থক এবং রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার ও আপিল কর্তৃপক্ষ নিয়োগ

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী কর্তৃক নির্দেশিত হয়ে উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে নির্বাচন পরিচালনার জন্য মনোনয়নপত্র দাখিল, মনোনয়নপত্র বাছাই, প্রার্থিতা প্রত্যাহার, রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার ও আপিল কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত বিষয়ে বিভিন্ন নির্দেশাবলি নিম্নে উল্লেখ করা হল ঃ

০১। নির্বাচনি সময়সূচি : উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুসারে নির্বাচন কমিশন চতুর্থ উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে নির্বাচন অনুষ্ঠানের জন্য ১৫ জুন ২০১৫ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে সময়সূচি জারি করেছে ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ২১ মে ২০১৫ / ০৭ জ্যৈষ্ঠ ১৪২২ | (বৃহস্পতিবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২৩ মে ২০১৫ / ০৯ জ্যৈষ্ঠ ১৪২২ | (শনিবার) |
| (গ) | রিটার্নিং অফিসারের নিকট প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ৩০ মে ২০১৫ / ১৬ জ্যৈষ্ঠ ১৪২২ | (শনিবার) |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | : | ১৫ জুন ২০১৫ / ০১ আষাঢ় ১৪২২ | (সোমবার) |

জারিকৃত প্রজ্ঞাপনের অনুলিপি আপনার নিকট প্রেরণ করা হয়েছে। নির্বাচনি সময়সূচি সম্বলিত বিজ্ঞপ্তির অনুলিপি বিধিমালার ১৩(২) বিধি অনুসারে আপনার কার্যালয়, উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, উপজেলা পরিষদ কার্যালয়ের নোটিশ বোর্ড এবং উপজেলার গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে জারি করবেন। নির্বাচনের সময়সূচির বিজ্ঞপ্তি জারির সাথে সাথে আপনাকে বিধিমালার বিধি ১৪ অনুযায়ী উক্ত উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের আহবান জানিয়ে সংযোজিত নমুনায় বিজ্ঞপ্তি জারি করতে হবে (পরিশিষ্ট-'ক')।

০২। রিটার্নি অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ : বিধিমালার ৮ বিধি অনুসারে নির্বাচন কমিশন আপনাকে উল্লিখিত নির্বাচন পরিচালনার জন্য রিটার্নিং অফিসার নিয়োগ করেছে এবং উল্লিখিত নির্বাচন অনুষ্ঠান পরিচালনায় আপনাকে সহায়তাদানের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার-কে সহকারী রিটার্নিং অফিসারও নিয়োগ করে প্রজ্ঞাপন জারি করেছে এবং প্রজ্ঞাপনের অনুলিপি এতদসংগে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে।

০৩। **মহিলা সদস্য নির্বাচনের জন্য ভোটার তালিকা ও ভোটাধিকারঃ** (ক) উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর ৭ বিধির (১) উপ-বিধি অনুসারে জেলা নির্বাচন কর্মকর্তা উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা আসনের সদস্য নির্বাচনের জন্য একটি সমন্বিত ভোটার তালিকা প্রণয়ন করবেন বা করাবেন। উপজেলার এলাকাভুক্ত ইউনিয়ন পরিষদ ও পৌরসভা, যদি থাকে, এর সংরক্ষিত আসনের মহিলা সদস্য বা কাউন্সিলরগণ ভোটার তালিকাভুক্ত হবেন।

(খ)(১): উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৬ ধারার (৪) উপ-ধারা অনুসারে উপজেলার এলাকাভুক্ত ইউনিয়ন পরিষদ ও পৌরসভা, যদি থাকে, এর সংরক্ষিত আসনের মহিলা সদস্য বা কাউন্সিলরগণ উপজেলা পরিষদের মহিলাদের জন্য সংরক্ষিত আসনের প্রার্থী হতে পারবেন।

(খ)(২): উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর ৭ বিধির (৩) উপ-বিধি অনুসারে উপ-বিধি (১) এর অধীন প্রস্তুতকৃত ভোটার তালিকা অনুযায়ী বিধি ৫ এর অধীন বিভক্ত কোন সংরক্ষিত আসন এলাকার ভোটার ব্যতিত উক্ত আসনে অন্য কেউ মহিলা সদস্য পদের প্রার্থী হতে পারবেন না।

(গ) উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর ৭ বিধির (৪) উপ-বিধি অনুসারে উপ-বিধি (১) এর অধীন প্রণীত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত কোন ভোটার উপজেলা পরিষদের সংশ্লিষ্ট নির্বাচনের নির্বাচনযোগ্য মহিলা সদস্য সংখ্যার সমসংখ্যক ভোট দিতে পারবেন।

০৪। **ভোটকেন্দ্র ও ভোটকক্ষঃ** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর ১০ বিধির (২) উপ-বিধি অনুসারে মহিলা সদস্য নির্বাচনের জন্য উপজেলা সদরে একটি ভোটকেন্দ্র স্থাপনের বিধান রয়েছে। তবে কমিশনের নির্দেশমত উপজেলা সদরে বা অন্য কোন সুবিধাজনক স্থানে অতিরিক্ত এক বা একাধিক ভোটকেন্দ্র স্থাপন করা যাবে। রিটার্নিং অফিসার প্রতিটি উপজেলার জন্য উপজেলা সদরে সুবিধাজনক স্থানে এক (০১)টি করে ভোটকেন্দ্র স্থাপনের জন্য প্রস্তাবিত ভোটকেন্দ্রের তালিকা আগামী ৩০ মে ২০১৫ তারিখে বিশেষ বাহকের মাধ্যমে নির্বাচন কমিশনে প্রেরণ করবেন।

০৫। **রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিল** : বিধিমালার ১৫ বিধির (৫) উপ-বিধি অনুসারে মনোনয়নপত্র প্রার্থী নিজে অথবা তার প্রস্তাবক অথবা তার সমর্থক রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে পারবেন। মনোনয়নপত্র দাখিলের পর পরই রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার দাখিলের দিন ও সময় উল্লেখ করে রসিদ প্রদান করবেন। উক্ত রসিদের নমুনা মনোনয়নপত্রের সাথে সংযোজিত রয়েছে । উল্লেখ্য, প্রার্থী কর্তৃক মনোনয়নপত্র দাখিলের প্রাক্কালে মনোনয়নপত্রের সাথে বিধি ৫০ অনুযায়ী সম্ভাব্য নির্বাচনি ব্যয় এবং উৎসের বিবরণী সম্বলিত ফরম-'ড'ও দাখিল করতে হবে।

০৬। **প্রস্তাবক ও সমর্থকঃ** বিধি ১৫ এর উপ-বিধি (২) অনুযায়ী ধারা ৬ এর উপ-ধারা(৪)এর অধীন মহিলা সদস্য নির্বাচিত হইবার যোগ্যতা থাকিলে বিধি ৭ এর উপ-বিধি(১) এ উল্লিখিত ভোটার তালিকাভুক্ত যে কোন মহিলা, মহিলা সদস্য আসনের সমসংখ্যক ভোটারের নাম প্রস্তাব বা সমর্থন করতে পারবেন। অর্থাৎ সংরক্ষিত মহিলা আসনের নির্বাচনের জন্য তালিকাভুক্ত এক (০১) জন ভোটার সংশ্লিষ্ট উপজেলার প্রতিটি সংরক্ষিত আসনের জন্য সর্বোচ্চ এক(০১) জন ভোটারের নাম প্রার্থী হিসাবে প্রস্তাব বা সমর্থন করতে পারবেন।

০৭। **জামানতঃ** বিধি ১৬ (১) অনুসারে মনোনয়নপত্রের সাথে মহিলা সদস্য নির্বাচনের ক্ষেত্রে ৫০০০/- (পাঁচহাজার) টাকা জমাদানের প্রমাণস্বরূপ ট্রেজারি চালান বা পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট জমা দিতে হইবেঃ তবে শর্ত থাকে যে, কোন প্রার্থীর অনুকূলে একাধিক মনোনয়নপত্র দাখিল হইলে, একাধিক জামানতের প্রয়োজন হইবে না।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত টাকা জমা দেওয়া না হলে, রিটার্নিং অফিসার কোন মনোনয়নপত্র গ্রহণ করবেন না।

(৩) রিটার্নিং অফিসার এই বিধির অধীন জমাকৃত টাকা সম্পর্কিত তথ্যাদি ফরম 'খ' তে বিধৃত রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।

(৪) নির্বাচনে প্রার্থীদের জামানতের অর্থ জমাদানের খাতের কোডঃ "৬/০৬০১/০০০১/৮৪৭৩"।

০৮। **মনোনয়পত্রের সাথে সংযুক্ত কাগজপত্র/দলিলাদিঃ** উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে নির্বাচিত হবার যোগ্যতা থাকলেঃ-

(ক) ফরমঃ ক-৩ এ মনোনয়নপত্র দাখিল করতে হবেঃ

(খ) প্রস্তাবকারী বা সমর্থনকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবেঃ

(গ) বিধি ১৬ অনুসারে জামানতের ৫০০০ (পাঁচহাজার) টাকা জমাদানের প্রমাণস্বরূপ ট্রেজারি চালান/ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফটঃ

(ঘ) মহিলা সদস্য পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক প্রার্থী তার মনোনয়নপত্র ফরম ক-৩ এর সাথে নির্ধারিত ফরমে হলফনামা যাতে নিম্নেবর্ণিত তথ্যাদি উল্লেখ এবং সংশ্লিষ্ট কাগজপত্র সংযোজন করিতে হইবেঃ

(১) তদ্‌কর্তৃক অর্জিত সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপিঃ

(২) বর্তমানে তিনি কোন ফৌজদারি মামলায় অভিযুক্ত আছেন কিনাঃ

(৩) অতীতে তাহার বিরুদ্ধে দায়েরকৃত কোন ফৌজদারি মামলার রেকর্ড আছে কিনা, থাকিলে উহার রায় কি ছিলঃ

(৪) তাহার ব্যবসা বা পেশার বিবরণীঃ

(৫) তাহার আয়ের উৎস বা উৎসসমূহঃ

(৬) তাহার নিজের ও অন্যান্য নির্ভরশীলদের সম্পদ ও দায়ের বিবরণী;

এবং (৭) কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে তদকর্তৃক একক বা যৌথভাবে বা তাহার উপর নির্ভরশীল সদস্য কর্তৃক গৃহীত ঋণের পরিমাণ অথবা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক বা পরিচালক হওয়ার সুবাদে ঐ সব প্রতিষ্ঠান হইতে গৃহীত ঋণের পরিমাণ।

০৯। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ** : বিধিমালার বিধি ১৭(৪) এর অধীন যে প্রার্থীর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল বা ক্ষেত্রমতে গ্রহণ করা হয়েছে সে প্রার্থী বা ক্ষেত্রমত কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা ১৮(১) বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের তারিখের ৩ (তিন ) দিনের মধ্যে উক্ত বাতিলাদেশ বা ক্ষেত্রমতে গ্রহণের বিরুদ্ধে নির্বাচন কমিশন কর্তৃক বিধি ১৮(৩) অনুযায়ী নিযুক্ত আপিল কর্তৃপক্ষের নিকট আপিল দায়ের করতে পারবেন। তদুদ্দেশ্যে নির্বাচন কমিশন বিধিমালার ১৮ বিধির (৩) উপ-বিধি অনুযায়ী সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে আপিল কর্তৃপক্ষ নিয়োগ করে প্রজ্ঞাপন জারি করেছে। উক্ত প্রজ্ঞাপনের কপিও ইতোমধ্যে আপনার নিকট প্রেরণ করা হয়েছে।

১০। **নির্বাচনি ব্যয়ঃ** বিধি ৫১ এর উপ-বিধি (১) এর দফা (খ)এর নির্বাচনি ব্যয়ের সীমা নির্ধারিত রয়েছে, যা নিম্নে উল্লেখ করা হলঃ

" (খ) মহিলা সদস্য পদে প্রতিদ্বন্দ্বি প্রার্থী তাহার নির্বাচনের উদ্দেশ্যে-

(অ) ব্যক্তিগত খরচ বাবদ, অনধিক ১০,০০০(দশহাজার) টাকা ব্যয় করিতে পারিবেন;

(আ) নির্বাচনি ব্যয় বাবদ, অনধিক ১০,০০০(দশহাজার) টাকা ব্যয় করিতে পারিবেন।"

১১। উপজেলা পরিষদ নির্বাচন আচরণ বিধিমালা, ২০১৩ এর কপিও এতদসংগে প্রেরণ করা হলো । উক্ত বিধিমালার কপি প্রত্যেক প্রার্থীকে প্রদানের জন্য অনুরোধ করা হলো ।

১২। এ পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো ।

বিনীত

(মোঃ সাজাহান খান) ১৪/৫/১৫
উপ সচিব
(নির্বাচন পরিচালনা-২)
ফোনঃ ৯১৮০৬৫৩

সংলগ্নী ঃ উপরে বর্ণিত

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০৬৫.১৪-৭৬

তারিখঃ ৩১ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ / ১৪ মে, ২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়/সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ শিক্ষা মন্ত্রণালয়/ভারপ্রাপ্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. কমিশনার, .....................(সংশ্লিষ্ট বিভাগ)
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, .....................(সংশ্লিষ্ট রেঞ্জ)
১১. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ নির্বাচনি ট্রাইব্যুনাল ও নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল গঠন করার জন্য অনুরোধসহ]
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা